

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়  
ফরিদপুর  
[www.faridpur.gov.bd](http://www.faridpur.gov.bd)

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

নথি নম্বর ০৫.১২.২৯০০.০২২.০১১.০২০.২৩- ১১৮১

তারিখ ০৩ অগ্রহায়ণ ১৪৩০  
১৮ নভেম্বর ২০২৩

**বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সম্ভাব্য প্রার্থী বা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি পোষ্টার, ব্যানার, দেওয়াল লিখন, বিল বোর্ড, ফেস্টুন, গেট, তোরণ বা ঘের, প্যাভেল, আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো আগামী ২৫ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিজ উদ্যোগে অপসারণ এবং মোটরসাইকেল অন্যান্য যানবাহন শোভাযাত্রা, শো-ডাউন, মিছিল, নির্বাচনি প্রচারণায় প্রীতিভোজ ও জনমনে আতঙ্কিত সৃষ্টি করে এমন কার্যক্রম থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লিখিত সময়ের মধ্যে পোষ্টার, ব্যানার, দেওয়াল লিখন, বিল বোর্ড, ফেস্টুন, গেট, তোরণ বা ঘের, প্যাভেল, আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো অপসারণ করা না হলে এবং মোটরসাইকেল অন্যান্য যানবাহন শোভাযাত্রা, শো-ডাউন, মিছিল, নির্বাচনি প্রচারণায় প্রীতিভোজ ও জনমনে আতঙ্কিত সৃষ্টি করে এমন কার্যক্রমে অংশগ্রহণ করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি-মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী

(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)  
জেলাপ্রশাসক, ফরিদপুর

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নথি নম্বর ০৫.১২.২৯০০.০২২.০১১.০২০.২৩- ১১৮১

তারিখ ০৩ অগ্রহায়ণ ১৪৩০  
১৮ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৩। পুলিশ সুপার, ফরিদপুর
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর
- ৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ফরিদপুর
- ৭। মেয়র (সকল), ফরিদপুর (অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), ফরিদপুর (তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্টদের মধ্যে বিতরণের অনুরোধসহ)
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর
- ১০। সিনিয়র জেলা তথ্য অফিসার, ফরিদপুর (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ১১। উপজেলা নির্বাচন অফিসার (সকল), ফরিদপুর
- ১২। অফিসার ইনচার্জ (সকল থানা), ফরিদপুর
- ১৩। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ.....উপজেলা, ফরিদপুর (অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

জেলাপ্রশাসক, ফরিদপুর

ও  
রিটার্নিং অফিসার